



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



নম্বর : ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.৪২

তারিখ: ৩১/১২/২০২০ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তির রিপোর্ট দাখিল, সোনালী সেবার মাধ্যমে ফি জমা প্রদান এবং বিষয়/শাখা/ভুল ছবি পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের শাখাওয়ারি ভর্তির রিপোর্ট দাখিল, সোনালী সেবার মাধ্যমে ফি জমা প্রদান এবং বিষয়/শাখা পরিবর্তনের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হলো।

সোনালী সেবার মাধ্যমে ফি প্রদান (একটিমাত্র রসিদের মাধ্যমে) :

নির্ধারিত খাত ব্যতীত অন্য খাতে ফি প্রদান করলে ফি গ্রহণযোগ্য হবে না।

| ফি'র ধরন , ফি'র পরিমাণ/হার ও সোনালী সেবার খাত | ব্যাংকে জমা দেওয়ার তারিখ |
|---|---|
| বিশেষ কোটায় ভর্তি শিক্ষার্থী প্রতি ৪৫০/-, পাঠ বিরতি ফি শিক্ষার্থী প্রতি ১৫০/- টাকা এবং বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি প্রতিষ্ঠান প্রতি ২০০/- হারে মোট ফি "বিশেষ কোটায় ভর্তি, পাঠ বিরতি ও ক্রীড়া মঞ্জুরী ফি" খাতে অটোজেনারেটেড একটিমাত্র রসিদের মাধ্যমে জমা দিতে হবে। | ০৫-০১-২০২১ হতে ৩১-০১-২০২১ খ্রি. তারিখের মধ্যে |

একাডেমিক ট্রান্সক্রিপ্ট, রেজিস্ট্রেশন তালিকা, সোনালী সেবার রসিদ এবং একনলেজমেন্ট রিপোর্ট সংরক্ষণ:

কলেজ কর্তৃক নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের তালিকা, শিক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত রেজিস্ট্রেশন তালিকার প্রিন্ট কপি, সোনালী সেবার রসিদগুলির বোর্ডের অংশ এবং শিক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট (বিভাগওয়ারি প্যাকেটকৃত) অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিজ হেফাজতে সংরক্ষণ করবেন। ০৫-০১-২০২১ হতে ৩১-০১-২০২১ খ্রি. তারিখের মধ্যে institute.jessoreboard.gov.bd লিংক থেকে লগইন করে Eleven Class Admission Report-এ ভর্তি সংক্রান্ত রিপোর্ট সাবমিট করবেন। রিপোর্ট সাবমিটের পর বোর্ডের প্রাপ্য সর্বমোট ফি'র (বিশেষ কোটায় ভর্তিকৃত শিক্ষার্থী প্রতি ৪৫০/-, পাঠ বিরতি ফি শিক্ষার্থী প্রতি ১৫০/- টাকা [প্রযোজ্য ক্ষেত্রে] এবং বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি প্রতিষ্ঠান প্রতি ২০০/- হারে) অটোজেনারেটেড সোনালী সেবার ফরম প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোনো শাখায় ফি জমা দিতে হবে। ফি জমা হওয়ার পর একই প্যানেলে প্রবেশ করে একনলেজমেন্ট রিপোর্ট প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

* জমাকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট কোন প্রকার সিলমোহর প্রদান করা যাবে না বা কলম দিয়ে কিছু লেখা যাবে না। বোর্ডে কোনো প্রিন্ট-আউট প্রেরণ করতে হবে না।

নির্ধারিত সময়ের মধ্যে (ফি ব্যতীত) বিষয়/শাখা/ভুল ছবি পরিবর্তন:

সংশ্লিষ্ট কলেজকে বিজ্ঞপ্তির মাধ্যমে শিক্ষার্থীদের বিষয় এবং সংশ্লিষ্ট কলেজের নির্ধারিত জিপিএ ও আসন শূন্য থাকা সাপেক্ষে শাখা পরিবর্তনের নির্ধারিত ফরমে আবেদন সংগ্রহ করে ৩১-০১-২০২১ খ্রি. তারিখের মধ্যে ফি ব্যতীত অনলাইনে বিষয়/শাখা/ভুল ছবি পরিবর্তন করে নিতে হবে। এই সময়ের পরে নির্ধারিত ফি দিয়ে বিষয়/শাখা/ভুল ছবি পরিবর্তন করতে হবে।

৩১-১২-২০২০

(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ic@jessoreboard.gov.bd

ফোন : ০৪২১-৬৮৬৩৮